



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০৭-০৪-২০২৫

ইসরায়েলী নৃশংসতার প্রতিবাদে পাবিপ্রবি'তে 'গ্লোবাল স্ট্রাইক ফর গাজা' কর্মসূচী পালন

(০৭-০৪-২০২৫): ফিলিস্তিনের গাজায় ইসরায়েলী আত্মসন, গণহত্যা, ধ্বংসযজ্ঞ ও নৃশংসতার প্রতিবাদে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'গ্লোবাল স্ট্রাইক ফর গাজা'র প্রতি সংহতি জানিয়ে 'নো স্কুল, নো এক্সাম, মোরালাইজ ফর গাজা' কর্মসূচী পালন করা হয়েছে। বিক্ষোভ মিছিল, সমাবেশ, অবস্থান কর্মসূচীর মাধ্যমে ইসরায়েলের বিরুদ্ধে নিন্দা ও প্রতিবাদ জানানো হয়। সাধারণ শিক্ষার্থীরা এই কর্মসূচীর আয়োজন করে। সকাল সাড়ে ১১ টায় স্বাধীনতা চত্বরে শিক্ষার্থীরা ব্যানার, প্ল্যাকার্ড নিয়ে জড়ো হন। সেখান থেকে বিক্ষোভ মিছিল বের হয়। এতে নেতৃত্ব দেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে স্বাধীনতাব চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, ইসরায়েল ৭০/৮০ বছর ধরে ফিলিস্তিনে দমনপীড়ন চালাচ্ছে। ফিলিস্তিনে মানুষ থাকবে কী না মানুষ চিন্তা করলেও আল্লাহ তাদের রাখবেন। আন্তর্জাতিক মানবাধিকার ও আইনের লঙ্ঘন করে ইসরায়েল ফিলিস্তিনে বর্বরতা, গণহত্যা, নৃশংসতা চালালেও বিশ্বসংস্থা গুলো কার্যকর ব্যবস্থা নেয়নি। এটা মানুষ হিসেবে আমরা মানতে পারি না। অনতিবিলম্বে এই নৃশংসতা বন্ধে কার্যকর পদক্ষেপের দাবী জানাই। ফিলিস্তিনে যেন আর একটাও গুলি না চলে। আমরা ইসরায়েলের কর্মকাণ্ডের প্রতিবাদ অব্যাহত রাখবো। বিশ্বের যেখানেই নির্যাতনের ঘটনা ঘটবে জাতি বর্ণ নির্বেশেষ আমরা প্রতিবাদ জানাব। তিনি ইসরায়েলের বিরুদ্ধে লেখালেখির আহবান জানিয়ে বলেন, কলম তরবারির চেয়ে শক্তিশালী। আপনাদের লেখার মাধ্যমে প্রতিবাদ জোড়ালো হোক। সোশ্যাল মিডিয়ায় লেখেন, পত্রিকায় লেখেন, সবকিছু জেনে যৌক্তিক লেখা লিখবেন। ইসরায়েলের বিরুদ্ধে প্রতিবাদ অব্যাহত রাখতে হবে।

সমাবেশে আরও বক্তব্য দেন ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক ড. মো. রাশেদুল হক, অর্থনীতি বিভাগের জ্যেষ্ঠ শিক্ষক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী, প্রক্টর অধ্যাপক ড. মো. কামরুজ্জামান খান, ব্যবসায় প্রশাসন বিভাগের জ্যেষ্ঠ শিক্ষক অধ্যাপক ড. মো. আমিরুল ইসলাম, ইংরেজি বিভাগের শিক্ষক ড. মোকাররম হোসেন ও কর্মর্তা মো. আলমগীর হোসেন। সমাবেশ সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের ছাত্র মিরাজুল ইসলাম। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন। বক্তারা ইসরায়েলি পণ্য বয়কটের আহবান জানান।

এরপর শিক্ষার্থীরা স্বাধীনতাচত্বরে দিনব্যাপী অবস্থান কর্মসূচী পালন করেন।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/=

০৭-০৪-২০২৫

মোঃ ফারুক হোসেন চৌধুরী

অতিরিক্ত পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পাবনা।

০১৭১১-৯৪২২১২